

অভিবাসী কর্মীদের জন্য গুরুত্বপূর্ণ তথ্য

যদি আপনি NYC-তে কাজ করেন তাহলে আপনার অভিবাসন অবস্থান, জাতীয়তা বা মূল দেশ যাই হোক না কেন, আপনার অধিকার আছে।



পারিশ্রমিক সহ নিরাপদ এবং অসুস্থতার অবকাশ

যদি আপনি NYC-তে এক বছরে 80 ঘন্টার বেশি কাজ করেন তাহলে প্রত্যেক বছরে 40 ঘন্টা পর্যন্ত নিরাপদ এবং অসুস্থতা অবকাশ পেতে পারেন। এই ছুটিগুলি আপনি নিজের জন্য বা আপনি যাকে পরিবার হিসেবে বিবেচনা করেন তার পরিচর্যা এবং চিকিৎসায় সাহায্যের জন্য, বা গার্হস্থ্য হিংসার কোনও কাজ বা হুমকি, অবাঞ্ছিত যৌন সংসর্গ, পিছু নেওয়া বা মানব পাচারের বিরুদ্ধে সাহায্য খোঁজার বা অন্যান্য নিরাপত্তা ব্যবস্থা নেওয়ার জন্য ব্যবহার করতে পারেন।



ন্যূনতম পারিশ্রমিক

আপনাকে প্রতি ঘন্টা কাজের জন্য অবশ্যই পারিশ্রমিক দিতে হবে, যার অন্তর্ভুক্ত হল আপনার নির্দিষ্ট মেয়াদের আগে এবং/বা পরে ও কর্মদিবসে ভ্রমণের উদ্দেশ্যে ব্যয় করা সময়ের জন্য।

31 ডিসেম্বর, 2018 তারিখ থেকে এই ন্যূনতম পারিশ্রমিক প্রযোজ্য হবে:

নিউ ইয়র্ক শহরের মধ্যে ন্যূনতম পারিশ্রমিক - দর তালিকা	12/31/18	12/31/19
ফাস্ট ফুড কর্মী		
যে কোনও সংখ্যক কর্মী	\$15.00	
সমস্ত অন্যান্য কর্মী		
10 বা তার চেয়ে কম কর্মী	\$13.50	\$15.00
11 বা তার চেয়ে বেশী কর্মী	\$15.00	

বকশিশ ভোগী কর্মীদের জন্য বিশেষ দর আছে।



অতিরিক্ত সময়ের কাজ

যদি আপনি সপ্তাহে 40 ঘন্টার বেশি কাজ করেন তাহলে আপনার নিয়োগকর্তাকে 40 ঘন্টার চেয়ে যত বেশি ঘন্টা কাজ করেছেন আপনাকে আপনার পারিশ্রমিকের দরের তুলনায় আপনার নিয়মিত পারিশ্রমিকের হারের তুলনায় 1.5 গুণ পারিশ্রমিক দিতে হবে।

সংগঠিত হওয়ার অধিকার



আপনার ক্ষেত্রে প্রাসঙ্গিক কর্ম সম্পর্কিত বিভিন্ন কাজে আপনার সহকর্মীদের সঙ্গে আপনি যোগ দিতে পারেন, আপনি কোনও ইউনিয়নের মাধ্যমে নিজের প্রতিনিধিত্ব করতে ইচ্ছুক কিনা তা সহ। কর্ম পরিস্থিতির ব্যাপারে সংগঠন করার জন্য বা আপনার সহকর্মীদের সঙ্গে কথা বলার জন্য নিয়োগকর্তা আপনাকে হুমকি দিতে, বৈষম্য করতে বা আপনার বিরুদ্ধে পদক্ষেপ নিতে পারেন না।

নিরাপদ এবং স্বাস্থ্যকর কর্মস্থল



আপনার কর্মস্থলটিকে অবশ্যই সুরক্ষিত স্বাস্থ্য এবং নিরাপত্তা সংক্রান্ত ঝুঁকি থেকে মুক্ত হতে হবে। আপনার কাজের ঝুঁকি সম্পর্কে তথ্য এবং প্রশিক্ষণ পাওয়ার অধিকার আছে।

বৈষম্য-মুক্ত কর্মস্থল



শহর, স্টেট এবং ফেডারেল আইন বিভিন্ন ভিত্তির ওপর বৈষম্য এবং হয়রানি নিষিদ্ধ করে, একজন কর্মীর প্রকৃত বা অনুভূত স্থিতি সহ:

- অভিবাসন অবস্থান
- জাতিগত পরিচয়
- জাতীয় উৎস
- ধর্ম/ধর্মবিশ্বাস
- বর্ণ
- অক্ষমতা
- লিঙ্গ
- লিঙ্গগত পরিচয়
- গর্ভাবস্থা
- যৌন প্রবৃত্তি
- গ্রেফতারি বা দোষী সাব্যস্তকরণের নথিপত্র
- গার্হস্থ্য হিংসার শিকার হিসাবে ব্যক্তির অবস্থান
- পরিচর্যা প্রদানকারীর অবস্থান

স্বাধীন কন্ট্রাক্টর যারা নিজে নিয়োগকর্তা নন, তাদেরকেও বৈষম্য এবং হয়রানির থেকে সুরক্ষিত রাখা হয়।

উল্টো দিকে ক্রমাগত >



Bill de Blasio
Mayor

Consumer
Affairs

Lorelei Salas
Commissioner

Mayor's Office of
Immigrant Affairs

Bitta Mostofi
Commissioner

Commission on
Human Rights

Carmelyn P. Malalis
Commissioner/Chair



স্বাধীন কন্ট্রাক্টর হিসেবে নিষ্পাদিত কাজের পারিশ্রমিক

যদি NYC-তে আপনি একজন ফ্রিল্যান্স কর্মী হন, আপনার আইনি অধিকার আছে, যার মধ্যে রয়েছে:

- **লিখিত চুক্তি** যে কোনও 120-দিনের মেয়াদে মোট \$800 বা তার বেশির কাজের জন্য
- **যথাসময়ে পারিশ্রমিক প্রদান**
- **মামলা করার অধিকার** যদি আপনার কাজের জন্য আপনাকে যথাসময়ে পারিশ্রমিক না দেওয়া হয়
আপনাকে যত পারিশ্রমিক দেওয়া হয়নি তার দ্বিগুণ প্রতিশোধের জন্য ক্ষতিপূরণ, এবং উকিলের ফি ও খরচ সংগ্রহ করার অধিকার আপনার কাছে আছে।

যদি মার্কিন যুক্তরাষ্ট্রের অভিবাসন এবং কাস্টমস বলবৎকরণ (Immigration and Customs Enforcement, ICE) আপনার কর্মস্থলে আসে তাহলে যে বিষয়গুলির ব্যাপারে জানতে হবে:

- শান্ত থাকুন।
- যদি আপনি ICE-এর সঙ্গে কথা বলেন তাহলে সচেতন থাকবেন যে আপনি যা বলছেন তা আপনার বিরুদ্ধে ব্যবহার করা যেতে পারে।
- যদি ICE এজেন্ট-এর কাছে বিচার বিভাগীয় পরোয়ানা না থাকে, তাদেরকে ব্যক্তিগত এলাকায় প্রবেশ করার জন্য অবশ্যই অনুমতি নিতে হবে।

যদি আপনাকে অভিবাসন কর্তৃপক্ষ আটক করেন, তাহলে যে বিষয়গুলি জানতে হবে:

- আপনি আপনার উকিলের সঙ্গে কথা বলার জন্য অনুরোধ করতে পারবেন।
- আপনি কোনও কিছু স্বাক্ষর করার আগে আপনার উকিলের সঙ্গে কথা বলতে পারেন।
- যদি আপনি ICE-এর সঙ্গে কথা বলেন তাহলে সচেতন থাকবেন যে আপনি যা বলছেন তা আপনার বিরুদ্ধে ব্যবহার করা যেতে পারে।

দ্রষ্টব্য: NYPD অভিবাসন বলবৎকরণ পরিচালনা করে না।

আরও তথ্যের জন্য 1-212-788-7654 নম্বরে অভিবাসন বিষয়ক মেয়রের অফিসের (Mayor's Office of Immigrant Affairs) সঙ্গে যোগাযোগ করুন।

কোনও প্রশ্ন আছে বা সহায়তার প্রয়োজন?

কর্মস্থলের অধিকার

দি ডিপার্টমেন্ট অফ কনজিউমার অ্যাফেয়ার্স (Department of Consumer Affairs, DCA) অফিস অফ লেবার পলিসি অ্যান্ড স্ট্যান্ডার্ডস (Office of Labor Policy & Standards) হল কর্মীদের জন্য NYC-এর কেন্দ্রীয় সম্পদ। DCA-এর সঙ্গে যোগাযোগ করতে হলে:

- **311** (212-NEW-YORK outside NYC)-এ কল করুন।
পারিশ্রমিক সহ নিরাপদ এবং অসুস্থতা অবকাশ, ফ্রিল্যান্স কর্মী বা ফেয়ার ওয়ার্কউইক ল (Fair Workweek Law)-এর ব্যাপারে জিজ্ঞাসা করুন।
- ইমেল: OLPS@dca.nyc.gov
- nyc.gov/dca এ যান

অভিবাসন সংক্রান্ত আইনি পরিশেষাগুলি

ActionNYC আপনার কমিউনিটিতে আপনার ভাষায় নিরাপদ, বিনামূল্যের অভিবাসন আইনি স্ক্রিনিং প্রদান করে। ActionNYC-এর সঙ্গে যোগাযোগ করার জন্য:

- **311** নম্বরে কল করে “ActionNYC” বলুন।
- nyc.gov/actionnyc এ যান

আপনি NYC Citizenship-এর মাধ্যমে নাগরিকত্বের আবেদনের ক্ষেত্রে বিনামূল্যে আইনি সাহায্য পেতে পারেন। আপনাকে অবশ্যই একটি সাক্ষাৎকারের জন্য সময় চেয়ে নিতে হবে। NYC Citizenship-এর সঙ্গে যোগাযোগ করার জন্য:

- **311** নম্বরে কল করে “citizenship appointment” (নাগরিকত্ব অ্যাপয়েন্টমেন্ট) বলুন।

অভিবাসন বিষয়ক মেয়রের অফিস (Mayor's Office of Immigrant Affairs MOIA) অভিবাসন কমিউনিটির কল্যাণকে গুরুত্ব দেয় এবং অভিবাসীদের আইনি এবং শহরের পরিষেবার ব্যাপারে তথ্য প্রদান করে। MOIA-এর সঙ্গে যোগাযোগ করার জন্য:

- nyc.gov/immigrants-এ যান

বৈষম্যের থেকে সুবক্ষা

মানবাধিকার সংক্রান্ত নিউ ইয়র্ক সিটি কমিশন (New York City Commission on Human Rights) মানবাধিকার আইন বলবৎকরণের জন্য (Human Rights Law) এবং জনগণকে শিক্ষিত করার জন্য এবং ইতিবাচক কমিউনিটি সম্পর্ক গড়ে তোলার জন্য দায়বদ্ধ।

যদি আপনার কর্মস্থলে বৈষম্য অথবা হয়রানির অভিজ্ঞতা হয়ে থাকে বা সাক্ষী হয়ে থাকেন তাহলে কমিশনের সঙ্গে যোগাযোগ করুন:

- **311** বা **1-212-416-0197** ন বরে কল কলুন
- nyc.gov/humanrights-এ যান



Bill de Blasio
Mayor

**Consumer
Affairs**

Lorelei Salas
Commissioner

**Mayor's Office of
Immigrant Affairs**

Bitta Mostofi
Commissioner

**Commission on
Human Rights**

Carmelyn P. Malalis
Commissioner/Chair